

# **া** রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৫৩২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫২৭]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৫৭: অল্পে তুষ্টি, চাওয়া হতে দূরে থাকা এবং মিতাচারিতা ও মিতব্যয়িতার মাহাত্ম্য এবং অপ্রয়োজনে চাওয়ার নিন্দাবাদ

بَابُ الْقَنَاعَةِ وَالْعَفَافِ وَالْإِقْتِصَادِفِي الْمَعِيْشَةِ إِنْفَاقِ وَذَمِّ السُّؤَالِ مِنْ غَيْرِ ضَرُوْرَةٍ \_ (57)

### আরবী

وَعَن حَكِيمِ بِنِ حِزَامٍ رضي الله عنه، أنّ النَّبيّ صلى الله عليه وسلم، قَالَ: «اليَدُ العُلْيَا خَيْرٌ مِنَ اليَدِ السُّقْلَى، وَابْدَأ بِمَنْ تَعُولُ، وَخَيْرُ الصَّدَقَةِ مَا كَانَ عَنْ ظَهْرِ غِنىً، وَمَنْ يَسْتَعْفِفْ يُعِفَّهُ اللهُ، وَمَنْ يَسْتَعْفِ يُعِفَّهُ اللهُ، وَمَنْ يَسْتَعْفِ يُعْفِ الله ». متفق عليه، وهذا لفظ البخاري، ولفظ مسلم أخصر.

#### বাংলা

৬/৫৩২। হাকীম ইবনে হিযাম রাদিয়াল্লাহু 'আনহু কর্তৃক বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, ''উপরের (দাতা) হাত নিচের (গ্রহীতা) হাত অপেক্ষা শ্রেষ্ঠ। যাদের ভরণ-পোষণ তোমার দায়িত্বে আছে তাদেরকে আগে দাও। প্রয়োজনের অতিরিক্ত সম্পদ থেকে সাদকাহ করা উত্তম। যে ব্যক্তি (হারাম ও ভিক্ষা করা থেকে) পবিত্র থাকতে চায়, আল্লাহ তাকে পবিত্র রাখেন এবং যে পরমুখাপেক্ষিতা থেকে বেঁচে থাকতে চায়, আল্লাহ তাকে অভাবশূন্য করে দেন।"

(বুখারী-মুসলিম, শব্দগুলি বুখারীর, মুসলিমের শব্দগুচ্ছ অধিকতর সংক্ষিপ্ত) [1]

# **English**

(57) Chapter: Contentment and Self-esteem and avoidance of unnecessary begging of People

Hakim bin Hizam (May Allah be pleased with him) reported:

The Prophet () said, "The upper hand is better than the lower one; and begin (charity) with those who are under your care; and the best charity is (the one which is given) out of surplus; and he who wishes to abstain from begging will be protected by Allah; and he who seeks self- sufficiency will be made self-sufficient by Allah."



#### [Al- Bukhari].

Commentary: In this Hadith the underlying points are self-evident but the last point is very important: Those who avoid begging of others and remain independent of them are beloved to Allah. Indeed He helps such people. Instead of leaving them alone to be degraded on account of begging, He bestows upon them the sense of self-sufficiency, patience and contentment.

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ১৪২৮, ১৪৭২, ২৭৫০, ৩১৪৩, ৬৪৪১, মুসলিম ১০৩৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ হাকীম ইবনু হিযাম (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন